BGMEA

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি

(Made in Bangladesh with Pride)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, ব্লক নং-এইচ ১, সেক্টর- ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

বিজ্ঞপ্তি নং-বিজিএ/গ্যাস ও বিদ্যুৎ/২০২৫/ ৪০ ২৫ ফেব্রুয়ারী ২০২৫

## সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়ঃ বিজিএমইএ'র আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের নিমিত্তে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়া প্রসঙ্গে।

সূত্রঃ ২৭.০০.০০০০.০৫১.১৬.০২০.২৪.৩৭ তারিখ ৩০ জানুয়ারি ২০২৫

প্রিয় মহোদয়,

আসন্ন পবিত্র রমজান, গ্রীষ্মকাল এবং সেচ মৌসুমে উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়ন এবং ক্রমবর্ধমান চাহিদা পূরণকল্পে, মানসম্মত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের নিমিত্তে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার লক্ষে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত বিষয়োক্ত পত্রটি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

উল্লেখ্য যে, গত ২২ ফেব্রুয়ারী ২০২৫ তারিখে বিজিএমইএ'র অডিটোরিয়ামে " **Installation of Industrial Rooftop Solar System** " শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রাণালয়ের, মাননীয় উপদেষ্টা জনাব মুহাম্মাদ ফাওজুল কবির খান, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষে বিশেষ করে আসন্ন পবিত্র রমজান, গ্রীষ্মকাল এবং সেচ মৌসুমে এয়ার কন্ডিশনের তাপমাত্রা ২৫°C বা তার উপরে রাখার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। মাননীয় উপদেষ্টা আরো বলেন যে, ১ ইউনিট বিদ্যুৎ সাশ্রয়ের উপযোগিতা, ২.৫-৩ ইউনিট বিদ্যুৎ উৎপাদনের সমতুল্য। প্রয়োজনে দীর্ঘক্ষণ ধারাবাহিকভাবে এসি ব্যবহার না করা, শীতাতাপ নিয়ন্ত্রন যন্ত্রের দক্ষ ব্যবহারের লক্ষে শীতাতপ যন্ত্র ও ফ্যান একসাথে চালিয়ে শীতাতাপ নিয়ন্ত্রন যন্ত্রের তাপমাত্রা ২৫°C এর অধিক রাখা যেতে পারে। তিনি বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণে সাশ্রয়ী ব্যবহারের বিষয়ে ব্যাপক সচেতনতা বৃদ্ধি এবং বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আশা করেন।

এ বিষয়ে আপনাদের আন্তরিক সহযোগীতা একান্তভাবে কাম্য।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

ধন্যবাদান্তে,

২৫/২/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব

ফারজানা মমতাজ
সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ২৭.০০.০০০০.০৫১.১৬.০২০.২৪. ৮৭

তারিখ: ১৬ মাঘ ১৪৩১
৩০ জানুয়ারি ২০২৫

প্রিয় সহকর্মী,

মানসম্মত ও নিরবচ্ছিন্ন বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণকল্পে উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়ন এবং সাশ্রয়ী মূল্যে টেকসই ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিদ্যুৎ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পবিত্র রমজান মাস, গ্রীষ্মকাল ও সেচ মৌসুমে বিদ্যুতের চাহিদা তুলনামূলক বৃদ্ধি পেয়ে থাকে এবং এই অতিরিক্ত চাহিদা পূরণ করতে বিদ্যুৎ সরবরাহের উপর অতিরিক্ত চাপ পড়বে। ফলে এ পরিস্থিতি মোকাবিলার সহজ ও সর্বোত্তম উপায় সচেতন ও সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার। উল্লেখ্য, ১ ইউনিট বিদ্যুৎ সাশ্রয়ের উপযোগিতা, ২.৫-৩ ইউনিট বিদ্যুৎ উৎপাদনের সমতুল্য।

০২। বিদ্যুৎ বিভাগ ইতোমধ্যে ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের বিভিন্ন উপায় সংবলিত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে (কপি সংযুক্ত)। তৎপ্রেক্ষিতে স্থানীয় প্রশাসন, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, ব্যবসায়ী সমিতি, শিল্প-কারখানা ও সামাজিক সংগঠনগুলোর মধ্যে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণের মাধ্যমে বিদ্যুৎ গ্রাহকগণকে সাশ্রয়ী ব্যবহারে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করা প্রয়োজন। আপনার নেতৃত্বে এসব পদক্ষেপ গ্রহণ করলে জনগণের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ী ব্যবহারের বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি হবে এবং বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আসবে।

০৩। আসন্ন পবিত্র রমজান, গ্রীষ্মকাল এবং সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে সংযুক্ত কর্মপরিকল্পনা ও গাইডলাইন মোতাবেক জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণে আপনার সার্বিক সহযোগিতা ও ব্যক্তিগত হস্তক্ষেপ প্রত্যাশা করছি। শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

৩০/১/২০২৫

(ফারজানা মমতাজ)

জনাব তানভীর আহমেদ
জেলা প্রশাসক
ঢাকা।

CamScanner

বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহ বিদ্যুতের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহারে জনসচেতনতা সৃষ্টি করে থাকে। বিদ্যুৎ সাশ্রয়ী ব্যবহারে জনগণ ও বিভিন্ন পর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করা হচ্ছে। এ প্রেক্ষাপটে ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক একটি কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এ কর্ম-পরিকল্পনাটি বাস্তবায়ন করা সম্ভব হলে ১৫ % পর্যন্ত বিদ্যুৎ সাশ্রয় করা সম্ভব হতে পারে।

## ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা

| বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্র | বিদ্যুৎ সাশ্রয়ে করণীয় |
|---|---|
| লাইটিং | বিদ্যুৎ সাশ্রয়ী LED বাল্ব ব্যবহার করা এবং কক্ষের আকৃতি অনুসারে নির্ধারিত লাক্সের বাতি ব্যবহার করা। |
| | প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকা এবং অপ্রয়োজনে লাইট বন্ধ রাখা। |
| | বৈদ্যুতিক বাল্বের উপরিভাগে ধূলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা। |
| | দিনের আলোর (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনর্বিন্যস্ত করা। |
| ফ্যান | Energy Rating অনুযায়ী আধুনিক প্রযুক্তির বিদ্যুৎ সাশ্রয়ী ফ্যান ব্যবহার। |
| | অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা। |
| টেলিভিশন, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদি | নিত্য প্রয়োজনে ব্যবহৃত টিভি, ওভেন, ওয়াশিং মেশিন, ব্লেন্ডার ইত্যাদির এনার্জি রেটিং দেখে ক্রয় ও ব্যবহার করা। অপ্রয়োজনে এ সকল যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখা। |
| কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার | কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদির ব্যবহার করা হয় না এমন সময় সুইচ বন্ধ রাখা বা প্রযোজ্য ক্ষেত্রে স্লিপ মুডে রাখা। |
| রেফ্রিজারেটর | গরম খাবার ঠান্ডা করার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করা। |
| | পুরনো/অকেজো রেফ্রিজারেটরের পরিবর্তে প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী রেফ্রিজারেটর ক্রয় করা। |
| শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | এসির তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখা (কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়ালে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়)। প্রয়োজনে দীর্ঘক্ষণ ধারাবাহিকভাবে এসি ব্যবহার না করা। এছাড়া শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের দক্ষ ব্যবহারের লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ও ফ্যান একসাথে চালিয়ে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস এর অধিক রাখা যেতে পারে। |
| | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রয়ী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বস্তি নিশ্চিত করতে কক্ষের দরজা-জানালাসহ বায়ু চলাচল স্থান যতদূর সম্ভব বন্ধ রাখা (যেমন: দরজার নিচ, ভেন্টিলেটর ইত্যাদি)। |
| | তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্যন্ত এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখা, এতে কক্ষ অপেক্ষাকৃত ঠান্ডা থাকবে। |
| | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতিবছর কমপক্ষে একবার সার্ভিসিং করা। |
| | পুরনো/অকেজো শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা। |
| গিজার | পানি গরমের ক্ষেত্রে গিজার কম সময় ব্যবহার করা। উদাহরণস্বরূপ, গিজার সর্বক্ষণ না চালিয়ে রেখে গোসল করার আধাঘন্টা পূর্বে চালু করা। |
| পানির পাম্প ও ট্যাপ | বাসা-বাড়ির পানি উত্তোলনের জ [illegible] (প্রয়োজনে পানির ট্যাঙ্ক ব্যবহার)। পানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করা যেমন: ব্রাশ, শেভ করার সময় পানির ট্যাপ খুলে না রাখা এবং গোসলের সময় ঝর্ণা ব্যবহার করা ইত্যাদি। |
| ইস্ত্রি | বৈদ্যুতিক ইস্ত্রির ব্যবহার সীমিত করা। |

চলমান পাতা-২

CS CamScanner

| বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্র | বিদ্যুৎ সাশ্রয়ে করণীয় |
|---|---|
| শিল্প খাতে ফার্নেস অয়েল, কো-জেনারেশন, বয়লার ইত্যাদি | অনুমোদিত লোডের মধ্যে পিক ও অফ-পিক আওয়ার বিবেচনা করে বিদ্যুৎ ব্যবহার এবং পিক ও অফ-পিক মিটারের ব্যবহার নিশ্চিতকরণ। |
| | স্টীল মিল/রি-রোলিং মিলের ফার্নেস অয়েলের দক্ষতা বৃদ্ধি করা। |
| | কো-জেনারেশন উৎসাহিতকরণ। |
| | বৈদ্যুতিক যন্ত্রপাতির স্টার লেভেলিং কার্যক্রম গ্রহণ করা। |
| | বয়লারের দক্ষতা বৃদ্ধি করা। |
| | শিল্প খাতে বিদ্যুতের অদক্ষ ব্যবহার পরিহার করার লক্ষ্যে নিয়মিত এনার্জি অডিট করা এবং সে আলোকে দক্ষ যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করা। |
| সেচ যন্ত্র | সেচ পাম্পসমূহ পিক আওয়ারে না চালিয়ে অফ পিক আওয়ারে (রাত ১১টা হতে পরদিন ভোর ৭টা) চালানো এবং প্রয়োজনীয় ক্ষেত্র ব্যতীত সেচ পাম্প বন্ধ রাখা। |
| | সেচ মৌসুমে বিদ্যুতের সাশ্রয় বা বিদ্যুৎ ব্যবহার হ্রাসের জন্য কৃষি কাজে wet & dry পদ্ধতি প্রয়োগ করা। |
| | সৌর বিদ্যুৎ চালিত সেচ যন্ত্র ব্যবহার। |

০৭.০৭.২৫

**মোহাম্মদ সানাউল হক**
যুগ্মসচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

CS CamScanner